দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 SEP 1996
পৃষ্ঠা ৪ কলাম ২

আদালতে মামলা দায়ের

# আনন্দ মোহন কলেজে ৫৮৭ শিক্ষার্থীর ভর্তি বাতিল দাবি

**ময়মনসিংহ, ১৬ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)** ।- দু'টি ছাত্র সংগঠন সরকারী আনন্দ মোহন কলেজে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ৫শ' ৮৭ জন শিক্ষার্থীর অবৈধ ভর্তি বাতিল করে মেধানুসারে ভর্তির দাবি জানিয়েছে। শনিবার সন্ধ্যায় স্থানীয় প্রেসক্লাব মিলনায়তনে পৃথক সংবাদ সম্মেলনে জাতীয়তাবাদী ছাত্র দল এবং গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দ এ দাবি জানান।

ছাত্র নেতৃবৃন্দ জানান, গত জানুয়ারির শেষার্ধে সরকারী আনন্দ মোহন কলেজে ১৯৯৫-৯৬ সেশনে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি দেয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত ১৪শ' ৪৫টি আসনের মধ্যে ১ম মেধা তালিকা অনুযায়ী ৮শ' ৫৮ জন ছাত্রছাত্রীকে ভর্তি করা হয়। রাজনৈতিক অস্থিরতাসহ নির্বাচনের কারণে বাকি ৫শ' ৮৭ জন ছাত্রছাত্রীর ভর্তি হবার সময় পার হয়ে যায়।

পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজের উল্লেখিত শূন্য আসনগুলোতে ভর্তির সময়সীমা ১৫ সেপ্টেম্বর পর্যন্ত বর্ধিত করা হয়। কলেজে এ সংবাদ পৌঁছার পর পরই একটি সংগঠন তাদের দলীয়, আত্মীয় ও পরিচিত ছাত্রছাত্রীদের ভর্তির ব্যাপারে তৎপর হয়ে উঠে।

সম্মেলনে ছাত্র নেতৃবৃন্দ অভিযোগ করেন, জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃক দেয় নীতিমালাকে উপেক্ষা করে মুজিববাদী ছাত্রলীগ প্রভাবিত ছাত্র সংসদ দলীয়করণের মাধ্যমে ঐ সব শূন্য আসনে তাদের আত্মীয়-স্বজন ও দলীয় ছাত্রছাত্রীদের ভর্তি করান। ভর্তি করার ক্ষেত্রেও কোন মেধা তালিকা অনুসরণ করা হয়নি ফলে প্রকৃত মেধাসম্পন্ন প্রার্থীরা বাদ পড়ে যান। নেতৃবৃন্দ জানান, মেধা তালিকা অনুসরণ না করে যে সব ছাত্রছাত্রীকে ভর্তি করা হয়েছে তা অবৈধ এবং তা বাতিল করতে হবে।

সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী ছাত্রদলের মোতাহার হোসেন তালুকদার, মাসুদ তানভীর তান্না এবং বজলুর রহমান, তুহীন প্রমুখ। গণতান্ত্রিক ছাত্রঐক্যের নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগ (কা-চু) সভাপতি শিব্বির আহম্মেদ লিটন, ছাত্রফ্রন্টের সভাপতি শফি রহমান এবং জেলা ছাত্র ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি বিধান তালুকদার।

এ দিকে গত বৃহস্পতিবার এই অবৈধ ভর্তি বাতিলসহ ভর্তি প্রক্রিয়া স্থগিতের আবেদন জানিয়ে জনৈক ছাত্র ময়মনসিংহের 'সদর' সিনিয়র সহকারী জজ-এর আদালতে মামলা (নং-২৩৮/৯৬) দায়ের করলে আদালত আগামী ৫ দিনের মধ্যে কলেজ কর্তৃপক্ষকে কারণ দর্শাও নোটিশ জারি করেছে।